চিত্রচোর
ডিজিটাল সংস্করণ
চিত্রচোর কমিকস
চিত্রচোর কমিকস
CHITROCHOR.BLOGSPOT.IN
জেফ স্মিথের
অধ্যায়
৪র্থ
বোন
বাংলায় অনুবাদ ঃ ইন্দ্রনীল কাঞ্জিলাল

কাহিনী ও ছবি

জেফ স্মিথ

রঙ

স্টিভ হ্যামাকার

বাংলায় অনুবাদ

ইন্দ্রনীল কাঞ্জিলাল

বর্ণ সংস্থাপন ও সম্পাদনা

রূপক ঘোষ

বোন
অ্যায় ফোনি!
চতুর্থ অধ্যায় ঃ হুংকার!
chitrochor.blogspot.in
দ্যাখ কি অবস্থা! এই নিয়ে দু-দু'দিন তুই দুধের গয়াগঙ্গা করে দিলি!
কিছু করার নেই বস্! দুধের জন্য এত ন্যাকোড়ছ্যাকোড় করা আমার ধাতে নেই।
ধাতে নেই আবার কি? দুধ তো
এইভাবেই দুইতে হয়!
বলছি তো আমার দ্বারা হবে না!
এই আমার সাফ্ কথা!
chitrochor.blogspot.in
chitrochor.blogspot.in

খুব কুঁড়ে তুই! অল্প কাজ করে খেতে তোর গায়ে জ্বর আসে বুঝি?
অল্প কাজ? ডাইনীবুড়ির ফরমায়েশের অন্ত আছে নাকি? এই গরুর দুধ দোয়াও! ওই গরুর গা ধোয়াও! যাও, মুরগীদের দানাপানি দাও!

ঠাম্মা বেন আমাদের থাকতে দিয়েছেন। খেতে পরতে দিচ্ছেন! এইটুকু হেল্প করা তো আমাদের কর্তব্য, তাই না?
আরে যা যা! এমন একটা গোয়াল-ঘরে থাকতে দিয়েছে যেখানে দুর্গন্ধের চোটে অন্নপ্রাশনের ভাত উঠে আসে। নেহাৎ খ্যাটনটা মন্দ হয় না, নইলে কবেই সব কিছুতে লাথি মেরে ফের জঙ্গলে কেটে পড়তুম!
chitrochor.blogspot.in

তুই যদি এখনই সব সাফসুতরো করে আরেক বালতি দুধ না দোয়াস, তাহলে ওই জঙ্গলেই ঘুরে ঘুরে মরা কপালে নাচছে আমাদের!
জানতাম তোর ঘটে আমার কথা কিস্যু সেঁদোবে না! আসলে তোর নিজস্ব সম্পত্তি বলে তো কোনোকালে কিছু ছিল না। তাই আমার এই নিঃস্ব অবস্থা,এই দেউলিয়া হয়ে যাওয়ার দুঃখ, তুই কোনোদিনই বুঝবি না রে!
chitrochor.blogspot.in

বেশি বকিস না, আমি তো তোর সঙ্গেই আছি। আর যদ্দূর জানি তোর নিজের কাছেও কিছু মালকড়ি আছে এখনো!
হ্যাঁ, তা ওই মেরেকেটে হাজার পাঁচেক মতো আছে।
এইটুকুই তো আমার আত্মার শান্তি, প্রাণের আরাম!

হায় আল্লা!
নোটগুলো কেমন কুঁকড়েমুকড়ে খ্যাঁচাখাঁই হয়ে গেছে দ্যাখ! উফ্! এইবার আমার হার্টটা হুড়ুম করে ব্রেকফেল করবেই করবে।

আরে! আমরা কি চিরজীবন কি এখানেই থেকে যাবো নাকি? স্মাইলিকে খুঁজে বার করতে যা দেরি. . . তদ্দিন তুই একটু সামলেসুমলে থাক। এইটুকু দেখিস, যাতে তোর জন্য এখান থেকেও আমাদের ঘাড়ধাক্কা না খেতে হয়!
ঠিক হ্যায়! ঠিক হ্যায়! ঠান্ড রাখ বাচ্চা! এখন থেকে আর নো নষ্টামি . . .নাথিং!
chitrochor.blogspot.in

খুব ভালো! আমি যাই, এখন নিমপাতা বাছতে হবে! **থর্ন** আজ নিমবেগুন রান্না করবে তো, তাই একটু সাহায্য করে দেওয়া. . . আর কি!
তাই? বাঃ, খুব ভালো!
আজ নিম! কাল সুইট ড্রীম! পরশু ঘোড়ার ডিম!

চল্ ফোনি, **টা টা**।
দুপুরে **খাওয়ার** সময় দেখা হবে!
হুর্‌র্‌র্
chitrochor.blogspot.in

সুপ্রভাত বোন!
সুপ্রভাত ঠাম্মা! কাল তাহলে আমরা সক্কাল সক্কাল বেরিয়ে পড়ছি **ব্যারেলহ্যাভেনে** যাওয়ার জন্য, তাই তো?
chitrochor.blogspot.in

হুম্, তারই **গোছগাছ** চলছে। আমার দুটো **কাফতান** শুধু খুঁজে পাচ্ছি না! তোমার ওই গেঁটে বজ্জাত ভাইটা এ ব্যাপারে কিছু জানে নাকি?
না ঠাম্মা!

তা **গোয়ালঘরে** থাকতে তোমাদের কোনো অসুবিধা -টসুবিধা হচ্ছে নাতো?
অ্যাঁ?...
না **না**! সব ঠিক আছে! পুরো **বিন্দাস** আছি আমরা!
chitrochor.blogspot.in

বেশ, বেশ! তাহলে কাল আমরা ----
হ্যাঁ ঠাম্মা, আজ নিমবেগুন আর মাখন দিয়ে চাট্টি ভাত খেয়েই আমি আর থর্ন লেড়ো বিস্কুট বানাতে বসবো! কালকে অনেকটা পথ যেতে হবে তো! টুকটাক মুখ চালানোর জন্যও তো কিছুমিছু দরকার।

ওঃ! না!
কী?
না কেন? তুমি লেড়ো বিস্কুট ভালোবাসো না ঠাম্মা?
chitrochor.blogspot.in

লেড়ো **বিস্কুটের** কথা হচ্ছে না বোন! আমার যেন কেমন **ঝিকিমিকি** লাগছে সবকিছু . . . হঠাৎ করে সব **তালগোল** পাকিয়ে যাচ্ছে!
ঝিকিমিকি! সেটা আবার কীগো?
chitrochor.blogspot.in

ঝিকিমিকি . . . মানে কি করে বোঝাবো! মানে, কেমন যেন একটা **অস্বস্তি**, মাথাটা **ঘুরছে**, পায়ে **জোর** পাচ্ছিনা। যেন খুব. . .**খুউব খারাপ** কিছু **ঘটতে** চলেছে!

আঃ. . . এই, এইবার একটু সুস্থির লাগছে। বদহজম হয়েছে বোধহয়, একটা জেলুসিল খেলেই ঠিক হয়ে যাবে।
সুস্থ বোধ করছো এখন?

হ্যাঁ, ঠিক আছি। তবে এই ঝিকিমিকি লাগলেই **কিছু** না **কিছু** একটা বিপদ ঠিকই ঘটে। তোমার ওই নচ্ছার ভাইটিকে একটু চোখে চোখে রেখো তো বাপু!
তাই হবে ঠাম্মা!
chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in

কি রে ফোনি? তুই কি ঠাম্মার **কাফতান** দুটোকে নিয়ে এদিকসেদিক করেছিস নাকি কিছু?
হ্যাঁ, করেছি তো,
তারে শুকোচ্ছিল, নামিয়ে পর্দা বানিয়ে দিয়েছি!

ক্কী! কী করেছিস বল্‌লি?
কি আবার, বললাম তো! গোয়ালের দেওয়ালে ফুটো ছিল, রাতে ঠান্ডা হাওয়া ঢুকছিল। তাই ওগুলোকে পর্দা করে হাওয়া আটকেছি, ব্যাস্‌!

আর **সহ্য** হচ্ছে না, এবার আমার **মুখ** নয়, **হাত** চলবে!
একদম চোখ রাঙাবি না আমায়! মনে রাখিস, আমি তোর **তুতো ভাই** প্লাস **বোনভিলের ধনীশ্রেষ্ঠ!**
chitrochor.blogspot.in

কচুর **ডিম**। তুই এখন পথের **ভিখিরি**। তোর ওই টাকা **লোটার শয়তানি** মার্কা ফন্দীগুলোর জন্য বোনভিলের লোকেরা আমাদের **খেদিয়েছে**, এটা মনে রাখিস!
তা তো **বলবিই** এখন! বোনভিলের **মর্কটগুলো** নিজেদের ভালো বোঝে না, সেটাও আমার **দোষ?** দু-একখানা ছোটোখাটো ভুলই নাহয় **করেছি**, তাই বলে **সারাজীবন** আপনজনদের কাছে কথা শুনেই যেতে হবে **নাকি**?
chitrochor.blogspot.in

ছোটোখাটো ভুল? কাপালিকের **আখড়ায় অনাথ আশ্রম** বানাবার প্ল্যানটাকে **ছোটোখাটো** ভুল বলতে চাস **তুই?**
তো তাতে হয়েছেটা **কী?** এতে অনাথদেরও **গতি** হতো আর **কাপালিকটাও** সাধনায় **সিদ্ধিলাভ** করতো! দুদিকেরই **সুবিধা** ছিল. . .যাকে বলে **দুমুখো ফায়দা**, **এক তীর দো শিকার**!

তুই কখনো শুধরোবি না, না রে?
আমার ফার্স্ট প্ল্যানটা তো আরো সুপারডুপার ছিল!
chitrochor.blogspot.in

কোনটা? ওই সেই কসাইদের দিয়ে শহরের চিড়িয়াখানার দেখভাল করানোর প্ল্যানটা? ওঃ! লা জবাব! এক সে বঢ়কর এক ফিকির তোর!
তাহলে! মানছিস তো যে আমিই সেরা?

সব মানছি সোনা ভাই আমার! তুই শুধু কাল অব্দি আর কোনো ঝামেলা পাকাস না। একবার ব্যারেলহ্যাভেনে গিয়ে পড়ি, তাহলেই দেখবি বাড়ি ফেরার একটা না একটা রাস্তা ঠিক খুঁজে পাবো।
আচ্ছা, ওই বুড়ি আর ছুঁড়িটাকে কী দরকার?
চল না, আমরা নিজেরাই বেরিয়ে পড়ি।

কাল ওখানে বসন্তোৎসব শুরু হবে। মেলা বসবে, কত্ত লোক আসবে। কপাল ভালো হলে আমরা স্মাইলিরও খোঁজ পেয়ে যেতে পারি!
ঠাম্মা তো বল্লো, গত সপ্তাহ থেকেই কাতারে কাতারে লোক আসা শুরু করে দিয়েছে। দোকানপাটও সব বসতে লেগেছে এতক্ষণে!
chitrochor.blogspot.in

আর মজাটা এখানেই, বুঝলি ফোনি? স্মাইলি যদি ব্যারেলহ্যাভেনের কাছাকাছি থাকে,তবে ওর কানে নিশ্চই ঠাম্মার গরুদৌড়ের খবরটা চলে গেছে। ও ব্যাটা যে পাক্কা জুয়াড়ি সে তো তোর জানা কথা। সুতরাং রেসে বাজী লাগাতে ও মেলায় আসবেই আসবে!
এক মিনিট! কি বললি তুই? ওই বুড়ীর গরুগুলোর ওপর লোকেরা সত্যিসত্যি মোটা বাজী. . . মানে প্রচুর টাকা দাঁওতে লাগায়?

তাহলে আর বলছি কি! থর্ন তো বলছিলো কিছু লোক তাদের পুরো পুঁজিটাই ঢেলে দেয় এই গরুদৌড়ের জুয়োখেলাতে!
ওক্কে বস্! যাঃ, তোকে কথা দিলুম। আর এক ফোঁটাও ঝামেলায় জড়াবো না আমি! এখন থেকে ভালা আদমি কৌন? উয়ো হ্যায় ফোনি বোন!
chitrochor.blogspot.in

সত্যি বলছিস?
হ্যাঁ রে বাপু, হ্যাঁ! যা না, নিমপাতা সিমপাতা বাছ গিয়ে। আমার প্রচুর কাজ বাকি, যা ভাগ্‌!
তোর কাজ মানে? আবার কিছু ফন্দী আঁটছিস?
ধুত্তোর ছাই! **বললুম** তো **লক্ষ্মীছানা** হয়ে যাবো একেবারে! কাল একসঙ্গে সব্বাই স্মাইলিকে খুঁজে বার করবো, **ঠিক আছে**? যা, কেটে পড় এবার!
chitrochor.blogspot.in
আচ্ছা, যাচ্ছি! আর একটুও **বেগড়বাঁই** করতে যদি **দেখেছি** না. . .
মুখের কথায় **বিশ্বেস** হচ্ছে না? উইল করে **লিখে** দেবো?
chitrochor.blogspot.in
কাগজ আছে তোর কাছে? দে লিখে তাহলে!
এই! থর্ন তোকে ডাকছে মনে হলো!
ওমা! তাই? আচ্ছা, চলি তাহলে, পরে দেখা হবে।
chitrochor.blogspot.in

আর আমাকে নিয়ে কোনো ঝামেলার **চান্সই** নেই। আমি তো এবার এখান থেকে **হান্ড্রেড পারসেন্ট সট্‌কাচ্ছি!**

এই থলে আর জুতোদুটো নিলুম রে ফোনভাই! কিছু মাইন্ড করিস না, রাস্তায় আমার কাজে লেগে যাবে!
chitrochor.blogspot.in

কাল প্রচুর **টাকা** ইধার সে উধার হবে। আমি থাকতে সব **মালকড়ি** দুহাতে লুটবে ওই তিনকাল গিয়ে এককালে ঠেকা **পাগলী বুড়ি**? সেটা তো হতে দিতে পারি না!
chitrochor.blogspot.in

হে হে! বাজি ধরাধরির ব্যাপারে আমি হলুম গিয়ে **খিলাড়ি** নং **ওয়ান! বাজির বাজিগর** কে? **ফোনি বোন, আবার** কে?

chitrochor.blogspot.in

থর্ন, আমরা কোথায় যাচ্ছি এখন?
জঙ্গলের মধ্যে একটা ঝর্ণা আছে, সেখানে. . .
. . .ওঃ ফোন! কাল যা **মজা** হবে না! মেলায় **কত্ত** কিছু দেখার আছে! বড় বড় নাগরদোলায় **চাপবো** আমরা, বুড়ির চুল কিনে খাবো। **এই** দোকান থেকে **সেই** দোকান. . . শুধু **ঘুরবো** আর **ঘুরবো!**
chitrochor.blogspot.in

জানো তো? মেলায় না **সব রকমের** জিনিষ পাওয়া যায়, **মধু** থেকে শুরু করে **ময়ূরের পালক**, **সিল্কের কাপড়**, **সঅঅব!**

আমি যদিও কোনোবারই কিছু কিনিনি, তবে **এবার** কিনবো। এক শিশি নীল **রঙ** চাই আমার, সেটা দিয়ে নিজের জন্য একটা ফাটাফাটি **জামা** বানানোর ইচ্ছে আছে!
chitrochor.blogspot.in

এই! আমরা যে ঝর্ণায় যাচ্ছি, তো জল ভরার জন্য বালতিই আনলুম না যে!
জল ভরতে কে যাচ্ছে!
আমরা ঝর্ণায় স্নান করবো তো!
chitrochor.blogspot.in

স্নান? কই **আগে** বলো নি **তো!**
দ্যাখো দিকি কান্ড!
আরে উৎসবে যাওয়ার আগে একটু সাফসুতরো হয়ে নিতে হবে না?

আমার গাউনের পকেটে সাবানটা রয়ে গেছে। ওটা বার করে আমায় দাও তো ফোন।
chitrochor.blogspot.in

আমার. . . কেমন যেন একটু লজ্জা লজ্জা করছে!
উলি বাবা লে! তোমারও লজ্জা? তুমি তো প্রথম থেকেই ন্যাংটোপুটো!

বলছিলাম কি. . . সাবানটা নিয়ে ওরকম না করলেই কি নয়?
chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in

কেন? . . . কি করলাম?
কি আবার! পুরো সাবানটাই তো কচমচ করে খেয়ে ফেললে!

ধুররর!
কি **বুনো** জায়গা রে বাবা!
রাস্তা বলতে তো **কিস্যুই** নেই!
মড়াৎ
কড়াৎ
মচ্
chitrochor.blogspot.in

এখানকার লোকজনদেরও বলিহারি যাই! পয়সা খরচ করে একটা **পথ** বানাতে ফেটে যায় এদের!

হুমমম! ব্যাপারটা তলিয়ে দেখবো পরে . . .

চাই কি, আমিই একখানা **টোলরাস্তা** বানিয়ে ফেলবো না হয়! রাস্তা পার হইতে **ছ আনা**, ফিরা আইতে **ছ আনা**, যেতে আইতে. . . **ল্লা লা লা লা!**
chitrochor.blogspot.in

ওইই বোনকাকু!

এই যে, আমরা এখানে!
chitrochor.blogspot.in

কারা রে তোরা? মটরশুঁটির মতো দোল খাচ্ছিস? কাজকম্ম নেই?
ওহো! ছলি, ছলি, তুমি তো অন্য লোক!
আরে! আমরা তো ভেবেছি তুমি ফোন বোন!

ও তো আমার তুতো ভাই।
বোনকাকুর **তুতো ভাই** তুমি? আমাদের সঙ্গে খেলবে?
আমরা **ল্যাজেঝোল গাছেদোল** খেলছি!

সময় নেই খোকারা! আমি এখন শহরে চললুম!
chitrochor.blogspot.in

ও তুতোভাইকাকু
কোনদিকে চললে?
কেন! কী হলো?

শহর তো ওই দিকে!
ওঃ আচ্ছা!
chitrochor.blogspot.in

থ্যাংক ইউ রে পুচকেগুলো! ফেরার সময় তোদের জন্য **গাজর** এনে দেবো!

গাজর! কেন রে বাবা! আমরা কি খরগোশ নাকি?
মাতায় ছিট্ আচে!

ভাগ্যিস্ ক্ষুদেগুলোর সঙ্গে দেখা হলো। আর ঘুরে মরতে হবে না। এবার ঠিকঠাক পথ ধরে আমি খুব **তাড়াতাড়ি** ব্যারেলহ্যাভেনে পৌঁছে যাবো!
chitrochor.blogspot.in

শহরে পৌঁছে আমার প্রথম কাজই হবে কিছু উজবুক খুঁজে বার করা, যাদের মাথায় হাত বুলিয়ে আমি আয়েস করে বড় দাঁও মারতে পারবো!
ফোঁত!

ফোঁত! ফোঁত! অ্যাহ্যাহ্যা! ম্যাগো!
কি দুর্গন্ধ! কিছু একটা জন্মপচা পচেছে মনে হচ্ছে!

হঁহিঁহিঁ!
গন্ধ তো নয়, গন্ধমাদন পুরো!
chitrochor.blogspot.in

উরিস্ রে!
এগুলো আবার কোনদেশী জানোয়ার!
chitrochor.blogspot.in

কেউ ইদিকেই আসছে, লুকিয়ে পড়ি!
chitrochor.blogspot.in

উঠে পড় রে, হোঁতকা হাতিগুলো!
ঘুরুর্র্ ঘুরুৎ!
ক্যা র‍্যা...?
chitrochor.blogspot.in

উঠবি? নাকি তোদের মুন্ডু দুটো নিয়ে গেন্ডুয়া খেলা স্টার্ট করবো আমি?
রাজা হুংকার!
মহারাজা হুংকার স্যার?
chitrochor.blogspot.in

মহারাজ আপনি এখানে? কি চাই আপনার? হুকুম করুন একটিবার! মাথায় চামেলির তেল মালিশ করে দেবো? মালপোয়া খাবেন? কমিকস পড়বেন? হাঁদা-ভোঁদা, নন্টেফন্টে . . . চলবে?
ইয়ে. . . বলছিলুম কি, একটু সুস্থির হয়ে বসুন না স্যার! আরশোলার পায়েস বানিয়ে রেখেছিলুম রাতে খাবো বলে। আপনার জন্য একটুস্ এনে দি? চেখে দেখুন, মন্দ লাগবে না, মাইরি বলছি!
chitrochor.blogspot.in

চুপ মার, নো বক্‌ওয়াস! সেই কখন থেকে হন্যে হয়ে তোদের খুঁজছি, তা জানিস?
আপনি আমাদের খুঁজছেন? আমরা সন্মানিত! না, না, অপমানিত, ধুত্তোর, গুলিয়ে যাচ্ছে! তুই কিছু বল না রে দোস্ত!

তোরা আমার মুখে চুনকালি মাখিয়েই ছাড়বি দেখছি! শোন, প্রভু ভয়ংকর আজ রাতের মিটিং -এ তোদের উপস্থিত থাকতে বলেছেন। আমার সঙ্গে চল্ এক্ষুনি!
প্রভু ভয়ংকর...
কিছু গড়বড় হয়েছে স্যার?
chitrochor.blogspot.in

প্রভু খবর পেয়েছেন যে, ওই ব্যাটাচ্ছেলে, ওই যাকে আমরা খুঁজছি, যার মাথাজোড়া টাক আর বুকে **তারা** সাঁটানো আছে. . . তাকে এই উপত্যকায় দেখা গেছে।
বলেন কি মহারাজ!
হুম্‌ম্‌! সে নাকি এখন **এদিকপানেই** ঘুরঘুর করছে!
chitrochor.blogspot.in

চল এবার, কুইক মার্চ!
নিশ্চই স্যার! চলুন, চলুন।

chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in

কাল সক্কাল সক্কাল বেরোতে হবে, সব **গোছগাছ** করা হয়ে গেছে **তো**?
আর ওই **বিটলে ন্যাড়াটাকে** খুঁজে পেলে?
নাঃ, আমার **জুতোজোড়া** আর **থলেটাও** নেই! হতভাগাটা নিশ্চই ওদুটো নিয়ে আমাদের ছাড়াই শহরের দিকে সটকেছে!
না গো ঠাম্মা! সেই জটাবুড়োর গুহা অব্দি খুঁজে এলাম তো, কোথাও কোনো পাত্তা নেই! আজ তো রাতও হয়ে গেল. . . কাল সকালে শহরে গিয়ে খুঁজতে হবে আবার!

সে ঠিক, আজকের রাতটা ঠিক সুবিধের ঠেকছে না! আবার কেমন যেন ঝিকিমিকি লাগছে আমার!

একটা কাজ করো, এক ছুট্টে গোয়ালঘরে গিয়ে তোমার বালিশ আর কম্বলটা নিয়ে এসো। আজ তুমি আমাদের সঙ্গেই শোবে।
আচ্ছা ঠাম্মা!

আয়. . . আরো কাছে আয়!

শুনলুম যাকে আমরা সবাই খুঁজছি, তাকে নাকি তোদের এলাকাতেই দেখা গেছে? বল এবার. . . তাকে এখনো পাকড়াও করিস্‌নি কেন?
chitrochor.blogspot.in

আমরা. . . আমরা তো বুকে তারা সাঁটাটাকে দেখতেই পাইনি এখনো. . .
. . .তার বদলে এক্কেরে ওইরকমই দেখতে একজনের সঙ্গে আমাদের মোলাকাত হয়েছে। তার বুকে তারাটাই যা নেই! ওর নাম ফোন বোন!
chitrochor.blogspot.in

প্রথমে পশ্চিম পাহাড়ে, ড্রাগন সিঁড়ির কাছে . . . তারপর জলপ্রপাতের কাছে আরো দুবার। এইভাবে বারবার ফোন বোনের আবির্ভাব. . .
তোরা কি ভাবছিস? এসব এমনি এমনি ঘটছে?

কিন্তু. . . ওর বুকে তো তারা নেই!
. . . আর প্রভু, আমরা তো ওকে ধরার চেষ্টা করেছিলাম. . . কিন্তু লাল ড্রাগন যে আবার ওকে রক্ষা করছে! তাই আমরা সুবিধা করে উঠতে পারলুম না!

chitrochor.blogspot.in

আমরা ওর পিছুও নিয়েছিলাম. . . কিন্তু ওই ড্রাগন ব্যাটাচ্ছেলে তাতেও ব্যাগ্‌ড়া দিলে!
তবে আমরা জানি ও কোথায় থাকে! ওই ঝর্ণার ধারে বুড়ি বেনের খামারবাড়িটা আছে না? ওই. . .ওখানেই ওকে পাওয়া যাবে প্রভু!
chitrochor.blogspot.in

খুব খারাপ. . . খুব খারাপ হলো! লাল ড্রাগন যদি আমাদের পরিকল্পনার ব্যাপারে একটুও আঁচ পেয়ে গিয়ে থাকে, তাহলে তো খুবই মুস্কিল!

. . . সরাসরি আক্রমণ ছাড়া আর উপায় নেই দেখছি! যা করার আজই করে ফেলতে হবে! ড্রাগনটাকে আর বেশী কিছু বুঝতে দেওয়া একদমই চলবে না!

হুংকার, দুটো দল তৈরি করো। প্রতি দলে এক হাজার জন করে থাকবে।
প্রথম দলটা গোটা উপত্যকা এবং উপত্যকার বাইরে সর্বত্র চষে ফেলুক. . . বুকে তারা সাঁটা জীবটাকে যে করেই হোক ধরতেই হবে।
chitrochor.blogspot.in

প্রথম দলটা যদি লাল ড্রাগনের মনোযোগ পুরোপুরি আকর্ষণ করে নিতে পারে, তাহলেই ওই গরুপোষা বুড়ি একদম একলা হয়ে যাবে!
chitrochor.blogspot.in
তখন দ্বিতীয় দলটা যাবে খামারবাড়িটাকে ধূলোয় মিশিয়ে দিতে. . . একইসঙ্গে ওই ফোন বোনেরও ভবলীলা সাঙ্গ হবে!

আর ফোন বোন পটল তুললে আশা করছি লাল ড্রাগনও সব ছেড়েছুড়ে নিজের আস্তানায় ফিরে যাবে!
তাহলে চলো. . . হামলা শুরু করা যাক!
chitrochor.blogspot.in

খচ্
খুচচ্
খচরর্
মচরর্

ওরা আসছে...
পালাও...
প্রাসাদের সামনে পাহারা আছে?
chitrochor.blogspot.in

হ্যাঁ, সবাই একজোট হয়ে অপেক্ষা করছে!
গামলাগুলো গরম জল দিয়ে ভর্তি করো!
chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in
গ্রামটা পুরো ওদের খপ্পরে চলে গেছে!
দরজাটা বেশীক্ষণ আটকাতে পারবে না ওদের!
শুধু যেটুকু দরকার, সেটুকুই নাও!

ওরা প্রাসাদে ঢুকে পড়েছে!
বাচ্চাটাকে নিয়ে পালাও! শিগ্‌গিরি!
chitrochor.blogspot.in

কী বলছটা কী??

আরে দানোবিদুরেরা গোটা বাড়িটাকে ঘিরে ফেলেছে! তাড়াতাড়ি নিচে এসো, ঠাম্মা আমাদের জন্যে অপেক্ষা করছে!

চতুর্থ অধ্যায় সমাপ্ত

কি হবে এরপর ? জানতে চোখ রাখুন চিত্রচোর ব্লগে।

CHITROCHOR.BLOGSPOT.IN

আপনি কি দেশি-বিদেশী
কমিকস্ এর ভক্ত!!

এই ঠিকানায় একবার এলে
বেরনো খুবই শক্ত!!